

# 💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৪৩]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْو)

পরিচ্ছেদঃ ২৫: (সালাত আদায়কালে সন্দেহ হলে) ভেবে দেখা

بَابِ التَّحَرِّي

#### আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ، عَنْ مِسْعَرٍ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَزَادَ أَوْ نَقَصَ فَلَمَّا سَلَّمَ، قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، هَلْ حَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ، قَالَ: لَوْ حَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ النَّابُمُ، قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، هَلْ حَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ، قَالَ: لَوْ حَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ أَنْبَأَتُكُمُوهُ وَلَكِنِي إِنَّمَا أَنَا بَشَرٌ أَنْسَى كَمَا تَنْسَوْنَ، فَأَيُّكُمْ مَا شَكَّ فِي صَلَاتِهِ فَلْيَنْظُرْ أَنْبَاتُمْ وَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ .

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۱۲۴۱ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1243 \_ صحيح

#### বাংলা

১২৪২. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (একদা) সালাত আদায়কালে কিছু বাড়ালেন অথবা কমালেন। যখন তিনি (সা.) সালাম ফিরালেন তখন আমরা বললাম, হে আল্লাহর রসূল! সালাতে কি কোন কিছু ঘটেছে? তিনি বললেন, যদি সালাতে কোন কিছু ঘটত তা হলে আমি তা তোমাদের জানিয়ে দিতাম, কিন্তু আমি তো একজন মানুষ, আমিও ভুলে যাই। যেমনিভাবে তোমরা ভুলে যাও। অতএব, তোমাদের কেউ যদি সালাতে সন্দেহে পতিত হয় তা হলে সে যেন ভেবে দেখে যে, কোনটা সঠিকের কাছাকাছি। যা সঠিক বলে মনে হয় তার উপর ভিত্তি করে সালাত শেষ করবে। তারপর সালাম ফিরিয়ে দু'টি সিজদা করে নিবে।

# **English**



### 25. Estimating (What Is Most Likely The Case)

It was narrated that 'Abdullah said: The Messenger of Allah (ﷺ) prayed and did more or less (rak'ahs). When he had said the taslim, it was said: 'O Messenger of Allah, has there been some change concerning the prayer?' He said: 'If there had been some change concerning the prayer, I would have told you. Rather I am a human being and I forget as you forget. If any one of you is not sure about his prayer, let him consider an estimate of what is correct, and complete his prayer on that basis, then say the taslim and prostrate twice.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৪০১, মুসলিম ৫৭২, ইবনু মাজাহ ১২১১, ইওয়াউল গালীল ৪০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন